যুগান্তর

তারিখ 20 OCT 2016
পৃষ্ঠা ৭ ... ৮

# বুয়েটে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা শনিবার

২২ অক্টোবর শনিবার সকাল ৯টায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের বিভিন্ন বিভাগের অধীন স্নাতক কোর্সে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে লেভেল-১, টার্ম-১ এর ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধুমাত্র পুরকৌশল ভবনে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পুরকৌশল ভবন ব্যতীত অন্যান্য ভবনে সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকৃত ৯ হাজার ১৫৭ জন যোগ্য প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে। পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্রজাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য ইঞ্জিনিয়ারিং বিভাগ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট আসন সংখ্যা ১০৩০টি। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা ১২ নভেম্বর প্রকাশিত হবে। সংবাদ বিজ্ঞপ্তি।